স্বপ্ন পূরণ হলো আশ্রয়হীনের

বাংলাদেশে একজন মানুষও গৃহহীন থাকবে না। প্রধানমন্ত্রী শেখ হাসিনার এই যুগান্তকারী ইচ্ছার প্রতিফলন দেখছে সারা দেশের মানুষ। ‘আশ্রয়ণের অধিকার শেখ হাসিনার উপহার’ এই শ্লোগানে সারা দেশে এক যোগে ৬৬ হাজার ১৮৯ টি পরিবারকে এক খণ্ড জমিগৃহ প্রদান কর্মসূচির শুভ উদ্বোধন করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

এ উপলক্ষে গতকাল শনিবার সকালে কুষ্টিয়ার মিরপুর উপজেলা অডিটোরিয়ামে গৃহহীনদের মাঝে ঘরের চাবি, দলিলসহ ঘরটি ব্যবহারের প্রয়োজনীয় কাগজপত্র সুবিধা ভোগিদের বুঝিয়ে দেওয়া হয়েছে।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এসব নতুন ঘরের চাবি তুলে দেন জেলা প্রশাসক মো.আসলাম হোসেন।

এ সময় জেলা প্রশাসক বলেন, মানুষের কল্যাণের জন্য কাজ করে যাচ্ছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এজন্য আমরা গর্বিত। তার মাধ্যমে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে আরেক ধাপ এগিয়ে গেলো বাংলাদেশ। প্রধানমন্ত্রী দেশের গৃহহীন-ভূমিহীনদেরকে বিনামূল্যে বসতঘর নির্মাণ করে দিচ্ছেন। এটি সত্যি অসহায়দের জন্য বড় পাওয়া।

মিরপুর উপজেলা নির্বাহী অফিসার লিংকন বিশ্বাসের সভাপতিত্বে এ সময় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলার অতিরিক্ত পুলিশ সুপার মোস্তাফিজুর রহমান, মিরপুর উপজেলা পরিষদের চেয়ারম্যান কামারুল আরেফিনসহ প্রশাসনের কর্মকর্তারা।

মুজিবশতবর্ষ উপলক্ষে প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপহার ভূমিহীন ও গৃহহীন পরিবারের গৃহদান প্রকল্পে কুষ্টিয়ায় সর্বমোট ৩৩৮ ঘর নির্মাণ করা হচ্ছে।
ইতোমধ্যে ১৫৭ টি ঘর নির্মাণকাজ শেষ হয়েছে। ১৮১ টি ঘর নির্মাণের কাজ চলমান এবং পর্যায়ক্রমে বাকি গুলোর নির্মাণ কাজ শেষ হবে । এ জেলায় সর্বমোট ৩৩৮ ঘর নির্মাণ হবে বলে জানিয়েছেন সংশ্লিষ্টরা।

কুষ্টিয়ায় নকল ব্যান্ডরোলযুক্ত ৪০ হাজার বিড়ি জব্দ

কুষ্টিয়ার ভেড়ামারায় ৪০ হাজার শলাকা নকল ব্যান্ডরোলযুক্ত বিড়ি এবং ৭৩২০ পিস নকল ব্যান্ডরোল জব্দ করেছে কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কুষ্টিয়া সার্কেল-২। ১৭ জানুয়ারি (রবিবার) জেলার ভেড়ামারা উপজেলার উত্তর ভবানীপুর থেকে এগুলো জব্দ করা হয়।
কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কুষ্টিয়া সার্কেল-২ সূত্রে জানা গেছে, ভেড়ামারা উপজেলাধীন উত্তর ভবানীপুর এলাকা হতে নকল ব্যান্ডরোলযুক্ত নিশান বিড়ি ও নকল ব্যান্ডরোল সুকৌশলে দেশের অভ্যন্তরে বিভিন্ন এলাকায় পৌঁছে দেওয়া হচ্ছে। এ সংবাদের ভিত্তিতে কাস্টমস কর্মকর্তারা ওই এলাকায় অভিযান পরিচালনা করে। এ সময় একটি বাড়ি তল্লাশি করে ভ্যাট কর্মকর্তারা। সে বাড়ি থেকে প্রায় ৪০ হাজার শলাকা নকল ব্যান্ডরোলযুক্ত নিশান বিড়ি ও ৭৩২০ পিস নকল ব্যান্ডরোল জব্দ করা হয়। যার বিপরীতে ৭২ হাজার ২৫২ টাকার রাজস্ব জড়িত রয়েছে।
পরবর্তীতে জব্দকৃত বিড়ি ভেড়ামারা সার্কেল দপ্তরে নিয়ে আসা হয়। উক্ত জব্দকৃত মালামালের বিপরীতে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।
উল্লেখ্য, আটককৃত নিশান বিড়ি ফ্যাক্টরিটির ভ্যাট নিবন্ধন ইতোপূর্বে বাতিল করা হয়েছিল। তারপরও উক্ত প্রতিষ্ঠানটি গোপনভাবে বিড়ি উৎপাদন করে বিড়ির প্যাকেটে নকল ব্যান্ডরোলযুক্ত করে সরকারি রাজস্ব ফাঁকি দিয়ে দেশের বিভিন্ন স্থানে বিড়ি সরবরাহ করে আসছিলো।

সমাধান হয়নি দৌলতপুরের আকিজ

বিড়ি কারখানার মালিক-শ্রমিক সমস্যার

গত ৯ জানুয়ারি, মজুরী বৃদ্ধি, কর্মঘণ্টা নির্ধারণ,কর্ম পরিবেশ নিশ্চিতকরণসহ কয়েকদফা দাবিতে কুষ্টিয়ার দৌলতপুরে বিক্ষোভ করেন আকিজ বিড়ি কারখানার শ্রমিকেরা।
কারখানা কর্তৃপক্ষ-প্রশাসন ও স্থানীয় জনপ্রতিনিধিদের মধ্যস্থতায় শিগগিরই সমাধানের অঙ্গীকারে সেদিন ঘরে ফেরেন আন্দোলনরত শ্রমিকরা।
এদিন শ্রমিক অসন্তোষ সামলাতে ফাঁকা গুলিও ছোড়ে দৌলতপুর পুলিশ, এ সময় আহত হন অন্তত ৫জন। অঙ্গীকারের সপ্তাহ দুয়েক পার হলেও পরবর্তীতে কারখানা কর্তৃপক্ষের পক্ষে কোন বার্তা পাননি বলে অভিযোগ শ্রমিকদের। দিনমজুর পরিবারগুলো দিন কাটাচ্ছেন অনিশ্চয়তা আর হতাশা নিয়ে।
অনেকেই অভাবে আছেন দু’বেলা পেট পুরে খাওয়ার। শ্রমিকদের সাথে কারখানা কর্তৃপক্ষের দুর্ব্যবহারের ক্ষোভও প্রকাশ করেন অনেকেই। গণমাধ্যমের কাছে এসব বক্তব্য তুলে ধরেন স্থানীয় বিড়ি শ্রমিকেরা। আরেক দিকে শিগগিরই সমাধান না হলে ২৪ জানুয়ারি কঠোর আন্দোলনে যাওয়ার হুশিয়ারি দিয়েছেন শ্রমিক নেতারা। আন্দোলনের প্রস্তুতি চলছে বলে জানিয়েছেন আন্দোলনকারীদের অন্যতম নেতা বিল্লাল হোসেন। তবে, শ্রমিকদের দাবি মেনে নেয়া বা পুনরায় কারখানা চালুর প্রসঙ্গে কথা বলতে গেলে গণমাধ্যমকে এড়িয়ে যান সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। কোন প্রকার তথ্য দিয়ে সহযোগীতা করেননি তারা। কারখানায় দায়িত্বরতদের অস্বাভাবিক আচরণ আর অসহযোগিতা প্রশ্নবিদ্ধ করে তাদের ভূমিকাকে। দৌলতপুরে আন্দোলনকারীদের ঘরে ফেরাতে অংশ নেয়া দৌলতপুর উপজেলা পরিষদ চেয়ারম্যান অ্যাডভোকেট এজাজ আহম্মেদ মামুন এবং সহকারী কমিশনার (ভূমি) আজগর আলী জানান, আমরা সকল পক্ষের সাথে কথা বলেছি, আরও আলাপের প্রয়োজন। অ্যাডভোকেট আ.কা.ম সরওয়ার জাহান বাদশাহ এমপি দেশে ফিরলে আশা করছি বিষয়টি চূড়ান্ত সমাধানে পৌঁছাবে। শিগগিরই তাঁর দেশে ফেরার কথা রয়েছে।

পোড়াদহ রেলওয়ে জংশনে যাত্রীদের মাঝে মাস্ক বিতরণ

কুষ্টিয়ার পোড়াদহ রেলওয়ে জংশন স্টেশনে যাত্রী সাধারণের মাঝে ফ্রি মাস্ক বিতরণ করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার সাফ’র আয়োজনে এসব মাস্ক বিতরণ করা হয়।

মাস্ক বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, পোড়াদহ রেলওয়ে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) খন্দকার জসিম উদ্দিন।

সাফ’র নির্বাহী পরিচালক মীর আব্দুর রাজ্জাকের সভাপতিত্বে এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, সহকারী স্টেশন মাস্টার তাওলাদ হোসেন, আরএনবি এর হাবিলদার আতিকুর রহমান, এএসআই সাইফুল ইসলাম। সাফ’র নির্বাহী পরিচালক মীর আব্দুর রাজ্জাক জানান, “প্রতিরোধ নিরাময়ের চেয়ে ভালো” বাহিরে যখনই যাই, মাস্ক যেন ব্যবহার করি সবাই এ সেø◌াগানকে সামনে রেখে পোড়াদহ জংশনের চারটা প্লাটফরমে অবস্থানরত যাত্রী সাধারণ ও পথচারীদের মাঝে পাঁচ শতাধিক মাস্ক বিতরণ করা হয়।

কুষ্টিয়ায় ‘বন্ধু’ সংগঠনের সেলাই মেশিন বিতরণ

কুষ্টিয়ায় অস্বচ্ছল নারীদের মাঝে সেলাই মেশিন বিতরণ করা হয়েছে। গতকাল বুধবার দুপুরে শহরের ৬ নং সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে এসব সেলাই মেশিন হস্তান্তর করা হয়। “এসো একসাথে রাখি হাত” স্লোগানে কুষ্টিয়ার ‘বন্ধু’ সংগঠন দুস্থ অসহায় পরিবার পুনর্বাসন প্রকল্পের আওতায় তিনটি অসহায় দরিদ্র পরিবারকে স্বাবলম্বী করে তুলতে এসব সেলাই মেশিন বিতরণ করে। বন্ধু সংগঠনের অন্যতম সদস্য রোটারীয়ান ওবায়দুর রহমানের সভাপতিত্বে এ সময় বন্ধু সংগঠন, কুষ্টিয়ার আঞ্চলিক প্রতিনিধি মোঃ মিজানুর রহমান কলিন, মোঃ

মেহেদী হাসান, মোঃ মামুনুর রহমান মামনু, মোঃ শফিকুর রহমান টনা, শেখ মোঃ আবু হায়দার লিপু ও মোঃ আশরাফুল ইসলাম টিটু, এ্যাডভোকেট শেখ আজিজ আহমেদ পলাশ প্রমুখ উপস্থিত ছিলেন।
সেলাই মেশিন পেয়ে বিধবা আফরোজা খাতুন বলেন- আমার স্বামীর অসুস্থতার কারণে সংসারের উপার্জন করার মতো অবস্থা নেই। বর্তমানে কোন রকম খেয়ে না খেয়ে বেঁচে আছি। এখন আমাকে দেয়া সেলাই মেশিন দিয়ে কিছুটা হলেও আয় করে সংসার চালাতে পারবো।
বন্ধু সংগঠনের অন্যতম সদস্য রোটারীয়ান ওবায়দুর রহমান বলেন, বিদেশে অবস্থানরত বন্ধুদের সহযোগিতা ও পরিচালনায় একটি অলাভজনক প্রতিষ্ঠান হিসেবে ‘বন্ধু’ সংগঠন করেছি। আমরা এই সংগঠনের মাধ্যমে সমাজের উন্নয়নে কাজ করে যাচ্ছি। এর আগে শীতার্তদের মধ্যে শীতবস্ত্র বিতরণ করেছি। আজকে সেলাই মেশিন বিতরণ করা হয়েছে এবং এই কার্যক্রম অব্যাহত থাকবে।

কুষ্টিয়ার এসপিকে হাইকোর্টে তলব

কুষ্টিয়ার পুলিশ সুপার (এসপি) তানভীর আরাফাতকে তলব করেছেন হাইকোর্ট।

হাইকোর্টের একটি দ্বৈত বেঞ্চ বুধবার এ আদেশ দেন।

জেলার ভেড়ামারা পৌরসভা নির্বাচনে দায়িত্ব পালনকালে সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট মো. মহসিন হাসানের সঙ্গে অসদাচরণের অভিযোগের বিষয়ে তাকে তলব করা হয়।
আগামী ২৫ জানুয়ারি তানভীর আরাফাতকে সশরীরে আদালতে উপস্থিত হয়ে এ বিষয়ে কারণ দর্শাতে বলেছেন আদালত।

কুমারখালীতে সমাজসেবা কার্যালয়ের চেক ও শীতবস্ত্র বিতরণ

কুষ্টিয়ার কুমারখালীতে ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, জন্মগত হৃদরোগ, স্ট্রোকে প্যারালাইজড ও থালাসেমিয়া রোগীদের চিকিৎসা সেবার অনুদানের চেক ও শীতার্ত প্রতিবন্ধীদের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে।

গতকাল মঙ্গলবার সকালে উপজেলা সমাজসেবা কার্যালয়ের আয়োজনে সমাজসেবা কার্যালয়ের সম্মুখে চেক ও কম্বল বিতরণ করা হয়। কুমারখালী উপজেলা নির্বাহী কর্মকর্তা রাজিবুল ইসলাম খানের সভাপতিত্বে বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কুমারখালী পৌরসভার মেয়র মো. সামছুজ্জামান অরুন।

এ সময় তিনি বলেন, বর্তমান সরকার অসহায় মানুষের কল্যাণে কাজ করে যাচ্ছে প্রতিনিয়ত। দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত সুবিধা বঞ্চিত মানুষের চিকিৎসাসেবার জন্য সরকার অর্থ সহায়তা প্রদান করে থাকে। এভাবে বর্তমান সরকার সকলের পাশে ছিলো, আছে এবং ভবিষ্যতেও থাকবে বলেও জানান তিনি।

সমাজসেবা কর্মকর্তা মোহম্মদ আলীর সার্বিক তত্ত্বাবধায়নে দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত ১১ জনের মাঝে প্রত্যেককে ৫০ হাজার টাকা করে সাড়ে ৫ লাখ টাকা ও ১০০ জন প্রতিবন্ধী ও ২৫ জন তৃতীয় লিঙ্গদের মাঝে কম্বল বিতরণ করা হয়।
এ সময় অন্যান্য কর্মকর্তাসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

কুমারখালীতে সমাজসেবা

কার্যালয়ের চেক ও শীতবস্ত্র বিতরণ

কুষ্টিয়ার কুমারখালীতে ক্যান্সার, কিডনী,লিভার সিরোসিস, জন্মগত হৃদরোগ,স্ট্রোকে প্যারালাইজড ও থালাসেমিয়া রোগীদের চিকিৎসা সেবার অনুদানের চেক ও শীতার্ত প্রতিবন্ধীদের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে।

মঙ্গলবার সকালে সমাজসেবা কার্যালয়ের সম্মুখে চেক ও কম্বল বিতরণ করা হয়।

উপজেলা সমাজসেবা কার্যালয়ের আয়োজনে এসব বিতরণ করা হয়।

কুমারখালী উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) রাজিবুল ইসলাম খানের সভাপতিত্বে বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কুমারখালী পৌরসভার মেয়র মো. সামছুজ্জামান অরুন।

এসময় তিনি বলেন, বর্তমান সরকার অসহায় মানুষের কল্যাণে কাজ করে যাচ্ছে প্রতিনিয়ত।দুরারোগ্য ব্যাধির জন্য অসহায় সুবিধা বঞ্চিত মানুষের পাশে দাঁড়ানোর জন্যই সরকার তাদের চিকিৎসাসেবার জন্য অর্থ সহায়তা প্রদান করে থাকে। এভাবে বর্তমান সরকার সকলের পাশে ছিলো আছে এবং ভবিষ্যতেও থাকবে বলেও জানান তিনি।

সমাজসেবা কর্মকর্তা মোহম্মদ আলীর সার্বিক তত্বাবধানে এসময় অন্যান্য কর্মকর্তাসহ মংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

এসময় দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত ১১ জনরে মাঝে প্রত্যেককে ৫০ হাজার টাকা করে সাড়ে ৫ লাখ টাকা ও ১০০ জন প্রতিবন্ধী ও ২৫ জন তৃতীয় লিঙ্গদের (হিজরা) মাঝে কম্বল বিতরণ করা হয়।

বিএনপি ভোটে বার বার হারছেঃ হানিফ

আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুব উল আলম হানিফ এমপি বলেছেন বিএনপি ভোটে বার বার হারছে। কুষ্টিয়াতেও লজ্জাজনকভাবে পরাজিত হয়েছে। আওয়ামী লীগের প্রার্থীরা বিপুল ভোটে জয়লাভ করেছে। আর এর মধ্যে দিয়ে প্রমাণিত হয় দেশের জনগণ উন্নয়ন, অগ্রগতি ও শান্তির পক্ষে। আর এটা নিশ্চিত করেছেন আমাদের বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনা।

তিনি বলেন, শেখ হাসিনা দেশকে যেভাবে এগিয়ে নিয়ে গেছেন, যেভাবে দেশের মানুষকে শান্তিপূর্ণ পরিবেশে রেখেছেন, জনগণ এটাই চায়। আজ ভোটের ফলাফল শেখ হাসিনার প্রতি জনগণের আস্থার প্রতিফলন।

রোববার দুপুরে কুষ্টিয়া সদর উপজেলা পরিষদ অডিটোরিয়ামে ইউনিয়ন পর্যায়ের ২০২১-২২ চক্রের ভিজিডি উপকারভোগী মহিলাদের মধ্যে ভিজিডি কার্ড বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে যোগ দিয়ে তিনি সাংবাদিকদের এসব কথা বলেন।

এসময় তিনি পৌরসভা নির্বাচনে ইভিএম সফটওয়ার নিয়ে ভোট জালিয়াতির সুযোগ আছে’ বিএনপি নেতাদের এমন বক্তব্যের জবাবে হানিফ এমপি বাংলা প্রবাদ উল্লেখ করে বলেন, ‘নাচতে না জানলে উঠোন বাঁকা’।

হানিফ বলেন, বিএনপি’র অভিযোগ সুষ্ঠু নির্বাচন হলে জনগণ তাদের পক্ষে থাকবে। দ্বিতীয় ধাপের পৌরসভা নির্বাচন সকল দলের অংশগ্রহণে অবাধ, সুষ্ঠু এবং উৎসবমুখর পরিবেশে হয়েছে যা দেশের জনগণ মনে রাখবে।

এ সময় কুষ্টিয়ার জেলা প্রশাসক আসলাম হোসেন, সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান আতাউর রহমান আতা, কুষ্টিয়া মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ-পরিচালক নূরে সফুরা ফেরদৌস ও সদর উপজেলা নির্বাহী অফিসার জবায়ের হোসেন চৌধুরী।

কুষ্টিয়ায় ভোটারদের জন্য রাঁধা বিরিয়ানি জব্দ করলো প্রশাসন

একপাশে বড় বড় ডেকচিতে চলছে বিরিয়ানি রান্না। অন্যপাশে চলছে ভোট গ্রহণ। ভোটারদের কাছে টানতে কুষ্টিয়া পৌরসভার ১৩ নম্বর ওয়ার্ডের এক কাউন্সিলর প্রার্থীর এ আয়োজন।

তবে শেষমেষ তার সে আয়োজনে জল ঢেলে দিয়েছে প্রশাসন। কুষ্টিয়া পৌরসভার ১৩ নম্বর ওয়ার্ডের বারখাদা বালক সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ভোটকেন্দ্র এলাকায় এ ঘটনা ঘটেছে।

স্থানীয়রা জানায়, কাউন্সিলর পদপ্রার্থী রবিউল ইসলাম রবি বারখাদা বালক সরকারি প্রাথমিক বিদ্যালয় ভোটকেন্দ্রের পাশে সকাল থেকে বিরিয়ানি রান্নার আয়োজন করেন। বড় বড় ডেকচিতে চলছিল রান্না। সেখান থেকে প্যাকেটজাত করে ভ্যানে ভরে বিরিয়ানি পাঠানো হচ্ছিল ভোটারদের বাড়ি বাড়ি। সামাজিক যোগাযোগ মাধ্যমে এ খবর ছড়িয়ে পড়লে সেখানে অভিযানে যান ভ্রাম্যমাণ আদালত। জব্দ করা হয় ১০টি ডেচকি ও ১০০ প্যাকেট বিরিয়ানি। পরে জব্দ করা খাবার এতিমখানার বাচ্চাদের মাঝে বিতরণ করা হয়।

রান্নার কাজে নিয়োাজিতরা জানান, প্রায় ৯ মণ চালের বিরিয়ানি রান্না করা হচ্ছিল। আদালত পরিচালনাকারী ম্যাজিস্ট্রেট ও খোকসা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ইসাহাক আলী জানান, নির্বাচনী আচরণবিধি লঙ্ঘনের দায়ে এ খাবার জব্দ করা হয়েছে। পরে খাবারগুলো এতিমখানায় বিতরণ করা হয়।

এর আগে কাউন্সিলর প্রার্থী রবিউল ইসলাম রবি ভোটারদের মাঝে নারিকেল তেল বিতরণ করতে গিয়ে ১০ হাজার টাকার জরিমানা গোনেন। এছাড়া রবির লোকজন প্রতিপক্ষের প্রার্থীর ওপর হামলা চালিয়ে তিন জনকে আহত করে। এ ঘটনায় তার নামে মামলাও হয় থানায়।